


দৈনিক আজাদী
স্বাধীন বাংলাদেশের প্রথম সংবাদপত্র
প্রতিষ্ঠাতা : আলহাজ্ব মোহাম্মদ আবদুল খালেক




সোমবার | ১০ আগস্ট ২০২৬ | www.edainikazadi.net | ৮ পৃষ্ঠা | ৭ টাকা



*প্রিমিয়ার ভার্সিটিতে কর্মশালা পরিচালনা করছেন প্রভাষক এস. এম. তাওসিফ*

# প্রিমিয়ার ভার্সিটিতে ফ্যাশন ডিজাইন বিভাগের কর্মশালা

প্রিমিয়ার ইউনিভার্সিটির ফ্যাশন ডিজাইন অ্যান্ড টেকনোলজি বিভাগে 'ডেনিম ওয়াশিং: ফ্যাশন ইফেক্টস অ্যান্ড সাসটেইনেবল প্র্যাকটিসেস' শীর্ষক এক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। সম্প্রতি দামপাড়াস্থ ভবনে এ কর্মশালার আয়োজন করা হয়। এতে স্পিকার হিসেবে বক্তব্য দেন বিভাগের প্রভাষক এস. এম. তাওসিফ। কর্মশালায় এস. এম. তাওসিফ ডেনিম পোশাকের ওয়াশিং প্রক্রিয়া, ফ্যাশন শিল্পে এর প্রভাব এবং পরিবেশবান্ধব ও টেকসই পদ্ধতির বিভিন্ন দিক তুলে ধরেন। তিনি বলেন, ডেনিম ওয়াশিংয়ের মাধ্যমে পোশাকে নান্দনিকতা ও বৈচিত্র্য তৈরি করা সম্ভব হলেও প্রচলিত অনেক ওয়াশিং প্রক্রিয়ায় বিপুল পরিমাণ পানি, রাসায়নিক উপাদান ও জ্বালানি ব্যবহৃত হয়। ফলে পরিবেশের ওপর এর নেতিবাচক প্রভাব পড়তে পারে। তাই আধুনিক ফ্যাশন শিল্পে পরিবেশবান্ধব প্রযুক্তি ও টেকসই ওয়াশিং পদ্ধতির ব্যবহার বাড়ানো অত্যন্ত গুরুত্বপূর্ণ।

তিনি বলেন, ভবিষ্যতের ফ্যাশন ডিজাইনারদের শুধু পোশাকের নকশা ও নান্দনিকতার দিকে নজর দিলেই হবে না; উৎপাদন প্রক্রিয়ার পরিবেশগত প্রভাব সম্পর্কেও সচেতন হতে হবে। টেকসই প্রযুক্তি ও দায়িত্বশীল উৎপাদন পদ্ধতির মাধ্যমে ফ্যাশন শিল্পকে আরও পরিবেশবান্ধব করে তোলা সম্ভব।

কর্মশালায় বক্তব্য রাখেন বিভাগের ভারপ্রাপ্ত চেয়ারম্যান কুহেলী চৌধুরী। তিনি বলেন, বর্তমান সময়ে ফ্যাশন শিল্পের অন্যতম গুরুত্বপূর্ণ বিষয় হলো টেকসই উৎপাদন ব্যবস্থা। শিক্ষার্থীদের একাডেমিক জ্ঞানের পাশাপাশি শিল্পের পরিবর্তিত চাহিদা, পরিবেশ সুরক্ষা এবং টেকসই অনুশীলন সম্পর্কে বাস্তবভিত্তিক ধারণা অর্জন করতে হবে। ভবিষ্যতে ফ্যাশন শিল্পে দক্ষ, সৃজনশীল ও পরিবেশ-সচেতন পেশাজীবী হিসেবে গড়ে উঠতে এ ধরনের আয়োজন গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। কর্মশালায় বিভিন্ন বর্ষের শিক্ষার্থীরা অংশগ্রহণ করেন। প্রেস বিজ্ঞপ্তি।

Ref: Daily Azadi, Date: 10 August 2026, Page: 3, Col: 4
https://edainikazadi.net/index.php?page=1&date=2026-08-10

সোমবার
চট্টগ্রাম
১০ আগস্ট ২০২৬
২৬ শ্রাবণ ১৪৩৩
১৬ সফর ১৪৪৮
বর্ষ-১৯, সংখ্যা-২২৫

দৈনিক পূর্বদেশ
Dainik Purbodesh

www.dailypurbodesh.com
প্রতিষ্ঠাতা : আলহাজ্ব মাস্টার নজির আহমদ
৮ পৃষ্ঠার দাম ৭ টাকা

টানা ৪বার সুপারব্র্যান্ড স্বীকৃতি
বসুন্ধরা পেপার
A4



প্রিমিয়ার ইউনিভার্সিটিতে কর্মশালা পরিচালনা করেন প্রভাষক এস এম তাওসিফ

## প্রিমিয়ার ইউনিভার্সিটিতে কর্মশালা

# টেকসই প্রযুক্তির মাধ্যমে ফ্যাশন শিল্পকে পরিবেশবান্ধব করা সম্ভব

প্রিমিয়ার ইউনিভার্সিটির ফ্যাশন ডিজাইন অ্যান্ড টেকনোলজি বিভাগে 'ডেনিম ওয়াশিং: ফ্যাশন ইফেক্টস অ্যান্ড সাসটেইনেবল প্র্যাকটিসেস' শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। সম্প্রতি প্রিমিয়ার ইউনিভার্সিটির দামপাড়াস্থ ভবনে এ কর্মশালার আয়োজন করা হয়। স্পিকার হিসেবে বক্তব্য দেন ফ্যাশন ডিজাইন অ্যান্ড টেকনোলজি বিভাগের প্রভাষক এস. এম. তাওসিফ।

কর্মশালায় এস. এম. তাওসিফ ডেনিম পোশাকের ওয়াশিং প্রক্রিয়া, ফ্যাশন শিল্পে এর প্রভাব এবং পরিবেশবান্ধব ও টেকসই পদ্ধতির বিভিন্ন দিক তুলে ধরেন। তিনি বলেন, ডেনিম ওয়াশিংয়ের মাধ্যমে পোশাকে নান্দনিকতা ও বৈচিত্র্য তৈরি করা সম্ভব হলেও প্রচলিত অনেক ওয়াশিং প্রক্রিয়ায় বিপুল পরিমাণ পানি, রাসায়নিক উপাদান ও জ্বালানি ব্যবহৃত হয়। ফলে পরিবেশের ওপর এর নেতিবাচক প্রভাব পড়তে পারে। তাই আধুনিক ফ্যাশন শিল্পে পরিবেশবান্ধব প্রযুক্তি ও টেকসই ওয়াশিং পদ্ধতির ব্যবহার বাড়ানো অত্যন্ত গুরুত্বপূর্ণ।

তিনি আরও বলেন, ভবিষ্যতের ফ্যাশন ডিজাইনারদের শুধু পোশাকের নকশা ও নান্দনিকতার দিকে নজর দিলেই হবে না; উৎপাদন প্রক্রিয়ার পরিবেশগত প্রভাব সম্পর্কেও সচেতন হতে হবে। টেকসই প্রযুক্তি ও দায়িত্বশীল উৎপাদন পদ্ধতির মাধ্যমে ফ্যাশন শিল্পকে আরও পরিবেশবান্ধব করে তোলা সম্ভব।

কর্মশালায় বক্তব্য রাখেন ফ্যাশন ডিজাইন অ্যান্ড টেকনোলজি বিভাগের ভারপ্রাপ্ত চেয়ারম্যান কুহেলী চৌধুরী। তিনি বলেন, বর্তমান সময়ে ফ্যাশন শিল্পের অন্যতম গুরুত্বপূর্ণ বিষয় হলো টেকসই উৎপাদন ব্যবস্থা। শিক্ষার্থীদের একাডেমিক জ্ঞানের পাশাপাশি শিল্পের পরিবর্তিত চাহিদা, পরিবেশ সুরক্ষা এবং টেকসই অনুশীলন সম্পর্কে বাস্তবভিত্তিক ধারণা অর্জন করতে হবে।

কুহেলী চৌধুরী আরও বলেন, এ ধরনের কর্মশালা শিক্ষার্থীদের শ্রেণিকক্ষের জ্ঞানের সঙ্গে বাস্তব শিল্পক্ষেত্রের জ্ঞানকে যুক্ত করতে সহায়তা করে। ভবিষ্যতে ফ্যাশন শিল্পে দক্ষ, সৃজনশীল ও পরিবেশ-সচেতন পেশাজীবী হিসেবে গড়ে উঠতে এ ধরনের আয়োজন গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

কর্মশালায় ফ্যাশন ডিজাইন অ্যান্ড টেকনোলজি বিভাগের বিভিন্ন বর্ষের শিক্ষার্থীরা অংশগ্রহণ করেন। ডেনিম ওয়াশিংয়ের বিভিন্ন কৌশল, ফ্যাশন ইফেক্টস (ফ্যাশন প্রভাব) এবং সাসটেইনেবল প্র্যাকটিসেস (টেকসই চর্চা) সম্পর্কে শিক্ষার্থীরা ধারণা লাভ করেন। বিজ্ঞপ্তি

Ref: Daily Purbodesh, Date: 10 August 2026, Page: 2, Col: 1
https://epurbodesh.com/index.php?page=1&date=2026-08-10

চট্টগ্রাম • সোমবার • ১০ আগস্ট ২০২৬ • ২৬ শ্রাবণ ১৪৩৩ • ২৬ সফর ১৪৪৮
৮ পৃষ্ঠা • মূল্য ৭ টাকা
চট্টগ্রাম • রেজি. নম্বর ৪৫০ • বর্ষ ২২ সংখ্যা ৩৩৫
সততি সত্যত প্রেক সুসত্যত
# সুপ্রভাত
সুপ্রভাত বাংলাদেশ | SUPROBHAT BANGLADESH
suprobhat.com | esuprobhat.com | facebook.com/suprobhat




৩ ২০০ কোটি টাকার অধিক খেলাপি ঋণ আদায়ের উদ্যোগ বাংলাদেশ ব্যাংকের
৫ সম্ভাবনাকে কাজে লাগিয়ে নতুন বাংলাদেশ গড়তে হবে : ভিসি
৬ শীঘ্রই বাফুফের হাতে আসছে চট্টগ্রামসহ তিন স্টেডিয়াম
সম্পাদকীয়
সংকটে শিল্প খাত : ব্যবসায়ী সম্প্রদায়ের যৌক্তিক...
বিস্তারিত ▶ পৃষ্ঠা : ২



প্রিমিয়ার ইউনিভার্সিটিতে কর্মশালা পরিচালনা করছেন প্রভাষক এস. এম. তাওসিফ

### প্রিমিয়ার ইউনিভার্সিটিতে শিরোনামে কর্মশালা

## ‘ফ্যাশন শিল্পকে আরও পরিবেশবান্ধব করা সম্ভব’

প্রিমিয়ার ইউনিভার্সিটির ফ্যাশন ডিজাইন অ্যান্ড টেকনোলজি বিভাগে ‘ডেনিম ওয়াশিং: ফ্যাশন ইফেক্টস অ্যান্ড সাসটেইনেবল প্র্যাকটিসেস’ শীর্ষক এক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

সম্প্রতি প্রিমিয়ার ইউনিভার্সিটির দামপাড়াস্থ ভবনে এ কর্মশালার আয়োজন করা হয়। এতে স্পিকার হিসেবে বক্তব্য দেন ফ্যাশন ডিজাইন অ্যান্ড টেকনোলজি বিভাগের প্রভাষক এস. এম. তাওসিফ। কর্মশালায় এস. এম. তাওসিফ ডেনিম পোশাকের ওয়াশিং প্রক্রিয়া, ফ্যাশন শিল্পে এর প্রভাব এবং পরিবেশবান্ধব ও টেকসই পদ্ধতির বিভিন্ন দিক তুলে ধরেন।

তিনি বলেন, ডেনিম ওয়াশিংয়ের মাধ্যমে পোশাকে নান্দনিকতা ও বৈচিত্র্য তৈরি করা সম্ভব হলেও প্রচলিত অনেক ওয়াশিং প্রক্রিয়ায় বিপুল পরিমাণ পানি, রাসায়নিক উপাদান ও জ্বালানি ব্যবহৃত হয়। ফলে পরিবেশের ওপর এর নেতিবাচক প্রভাব পড়তে পারে। তাই আধুনিক ফ্যাশন শিল্পে পরিবেশবান্ধব প্রযুক্তি ও টেকসই ওয়াশিং পদ্ধতির ব্যবহার বাড়ানো অত্যন্ত গুরুত্বপূর্ণ। টেকসই প্রযুক্তি ও দায়িত্বশীল উৎপাদন পদ্ধতির মাধ্যমে ফ্যাশন শিল্পকে আরও পরিবেশবান্ধব করে তোলা সম্ভব।

কর্মশালায় বক্তব্য রাখেন ফ্যাশন ডিজাইন অ্যান্ড টেকনোলজি বিভাগের ভারপ্রাপ্ত চেয়ারম্যান কুহেলী চৌধুরী। তিনি বলেন, বর্তমান সময়ে ফ্যাশন শিল্পের অন্যতম গুরুত্বপূর্ণ বিষয় হলো টেকসই উৎপাদন ব্যবস্থা। শিক্ষার্থীদের একাডেমিক জ্ঞানের পাশাপাশি শিল্পের পরিবর্তিত চাহিদা, পরিবেশ সুরক্ষা এবং টেকসই অনুশীলন সম্পর্কে বাস্তবভিত্তিক ধারণা অর্জন করতে হবে।

কুহেলী চৌধুরী আরও বলেন, এ ধরনের কর্মশালা শিক্ষার্থীদের শ্রেণিকক্ষের জ্ঞানের সঙ্গে বাস্তব শিল্পক্ষেত্রের জ্ঞানকে যুক্ত করতে সহায়তা করে। ভবিষ্যতে ফ্যাশন শিল্পে দক্ষ, সৃজনশীল ও পরিবেশ-সচেতন পেশাজীবী হিসেবে গড়ে উঠতে এ ধরনের আয়োজন গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। কর্মশালায় ফ্যাশন ডিজাইন অ্যান্ড টেকনোলজি বিভাগের বিভিন্ন বর্ষের শিক্ষার্থীরা অংশগ্রহণ করেন।

ডেনিম ওয়াশিংয়ের বিভিন্ন কৌশল, ফ্যাশন ইফেক্টস (ফ্যাশন প্রভাব) এবং সাসটেইনেবল প্র্যাকটিসেস (টেকসই চর্চা) সম্পর্কে শিক্ষার্থীরা ধারণা লাভ করেন। বিজ্ঞপ্তি

Ref: Daily Suprobhat Bangladesh, Date: 10 August 2026, Page: 4, Col: 6
https://esuprobhat.com/index.php?page=1&date=2026-08-10